


স্মারক নং- ১৩.০১.৮৮০০.০০৮.৪৫.১৩০.২৪.৩৫৮৯

তারিখ: ০৯/১১/২০২৪ খ্রিঃ

প্রেস রিলিজ

গত ০৮/১১/২০২৪ খ্রিঃ তারিখে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার সদর ইউনিয়নের জনৈক স্কুল শিক্ষক জাহাঙ্গীর আলমের বাড়িতে খাদ্যবান্ধব কর্মসূচির চাল অবৈধভাবে মজুত করে রাখা হয়েছে মর্মে একটি খবরের প্রেক্ষিতে খাদ্য বিভাগ, উপজেলা প্রশাসন ও সেনাবাহিনীর সমন্বিত একটি টিম অভিযান পরিচালনা করে। অভিযানে ১৮৩ বস্তা চাল জব্দ করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদ ও উপস্থিত স্বাক্ষীগণের সাক্ষ্য মোতাবেক চালগুলো সরকারি খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তা পর্যায়ে বিতরণকৃত চাল মর্মে জানা যায়। মজুতকৃত চালগুলোর মজুতকারী পলাতক ছিলেন এবং চালগুলো কী উদ্দেশ্যে মজুত করেছেন এবং কার কাছ থেকে ক্রয় করেছেন তার কোন সদুত্তর পাওয়া যায়নি। তাই আসামীগণ পরস্পর যোগসাজসে অবৈধভাবে কালোবাজারির উদ্দেশ্যে সরকারি চাল অবৈধভাবে মজুত করেছেন মর্মে প্রতীয়মান হওয়ায় ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৫(১)/২৫(ঘ) ধারা মোতাবেক সংঘটিত অপরাধ হিসেবে আসামীগণের নামে কাজিপুর থানা, সিরাজগঞ্জে মামলা করা হয়। যার নম্বর-০৩, তারিখ ০৯/১১/২০২৪ খ্রিঃ।

উল্লেখ্য, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে বসবাসরত নিম্ন আয়ের দরিদ্র জনসাধারণের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে পরিচালিত খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিক্রি এবং তা কালোবাজারির উদ্দেশ্যে মজুত মোটেই কাম্য নয় এবং শাস্তিযোগ্য অপরাধ। এ সকল অপরাধের বিরুদ্ধে অভিযান ও গৃহিত কার্যক্রম অব্যাহত থাকবে।


(মোঃ হারুন অর রশিদ)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
সিরাজগঞ্জ।

email: dcf.srj@dgfood.gov.bd

বিতরণঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। সম্পাদক, দৈনিক কলম সৈনিক/দৈনিক নয়া দিগন্ত/দৈনিক শিক্ষা ডটকম।
- ৪। সহকারী প্রোগ্রামার, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)